দৈনিক জনকণ্ঠ
তারিখ
পৃষ্ঠা ২ কলাম ৫
NOV. 13 2002

## দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হামিদের ইন্তেকাল



**রাবি সংবাদদাতা** ॥ দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবদুল হামিদ সোমবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের শিকাগো শহরের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি... রাজিউন)। তিনি দুরারোগ্য ক্যান্সারে ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। তিনি স্ত্রী, ৩ পুত্র ও অসংখ্য শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। মরহুমের লাশ শুক্রবার যুক্তরাষ্ট্র থেকে ঢাকায় আনা হবে। ড. আবদুল হামিদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে দীর্ঘদিন অধ্যাপনা করার পর অবসর গ্রহণ করেন। তিনি ১৯৯১-৯৫ সাল পর্যন্ত কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। তাঁর মৃত্যুতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপউপাচার্য, কোষাধ্যক্ষ শোক প্রকাশ করেছেন।

### রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এমএ হামিদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় রাষ্ট্রপতি মরহুম ড. হামিদের সঙ্গে তাঁর দীর্ঘ ব্যক্তিগত পরিচয়ের উল্লেখ করে বলেন, তিনি জ্ঞান অর্জনের জন্য বরাবরই কঠোর পরিশ্রম করতেন।

প্রধানমন্ত্রী তাঁর শোক বার্তায় মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন। খবর ইউএনবির।